

২০২৪

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNG-H-CC-T-3

(ছন্দ, কৃতিবাসী রামায়ণ ও বৈষ্ণব পদাবলী)

[CBCS]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- ক) 'আহীরা রমণী' বলতে কাদের বোঝানো হয়?
- খ) ভাবোন্মাস পর্যায়ের একটি পদ, পদকর্তার নামসহ উল্লেখ করো।
- গ) মিশ্রকলাবৃত্ত রীতির মাত্রা গণনা পদ্ধতি কী?
- ঘ) দল কী?
- ঙ) গৌরঙ্গ বিষয়ক ও গৌরচন্দ্রিকা পদের মধ্যে তফাৎ কী?
- চ) "ব্রহ্মা বলেন, মারুতি, আমার এ বর।

এই বরে হও তুমি অজয় অমর।।"

— 'মারুতি'র পরিচয় দাও।

[পরের পাতায়]

- ছ) অক্ষৌহিণী কী?
- জ) “আমি বিধির বিধান ভাঙিয়াছি, আমি এমন শক্তিমান”
— শুধুমাত্র পর্ব বিভাজন করো।
- ঝ) পঞ্চরস কাকে বলে? যে-কোনো একটি রস থেকে দুটি চরণ উদ্ধৃত করো।
- ঞ) ‘আলো মুগ্ধ জানো না’ — কথাটি কার? কোন্ পর্যায়ে পদ?
- ট) মুক্তক কী? উদাহরণ দাও।
- ঠ) বাংলায় তিনটি ছন্দের ক্ষেত্রে রুদ্ধদলের মাত্রা গণনারীতি কেমন হয়ে থাকে?
- ড) পয়ারের মাত্রা বিন্যাস কত?
- ঢ) মাত্রা বা কলা কাকে বলে?
- ণ) “না থাকিব তোমার ঘরে / অপযশ দেহ মোরে”
— কিসের অপযশ? কাকে দেওয়া হল?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) ছন্দোলিপি করো (যে কোনো একটি) :
অ) “বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই—
মাগো, আমার শোলোক বলা কাজলা দিদি কই?”
আ) “কৃষ্ণকলি আমি তারেই বলি
কালো তারে বলে গাঁয়ের লোক
মেঘলা দিনে দেখেছিলাম মাঠে
কালো মেয়ের কালো হরিণ চোখ।”
- খ) বাংলার কৃত্তিবাসোসত্তর মঙ্গলকাব্যগুলি কৃত্তিবাসী রামায়ণের দ্বারা কতখানি প্রভাবিত হয়েছিল?

- গ) বাঙালি জীবনের আবেগ মথিত হয়েছে রাম চরিত্রে — আলোচনা করো।
- ঘ) ‘আজু হাম কি পেখলু নবদীপ চন্দ’
— পদটির পদকর্তা কে এবং এটি কোন্ পর্যায়ে পদ বলে তুমি মনে করো এবং কেন?
- ঙ) পয়ারের শোষণশক্তি কী? উদাহরণসহ আলোচনা করো।
- চ) কৃত্তিবাসী রামায়ণের উত্তরাকাণ্ডে হাস্যরস প্রসঙ্গ আলোচনা করো।

৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) বৈষ্ণব পদকর্তা চণ্ডীদাসের কবি প্রতিভা সম্পর্কে আলোকপাত করো।
- খ) কৃত্তিবাসী রামায়ণে ‘সীতার বনবাস’ অংশের তাৎপর্য ব্যাখ্যা করো।
- গ) ‘প্রার্থনা’ বিষয়ক পদে বিদ্যাপতি যে নৈপুণ্য দেখিয়েছেন, তা নিজের ভাষায় প্রকাশ করো।
- ঘ) রাবণ চরিত্র পরিকল্পনায় কৃত্তিবাসের স্বকীয়তার পরিচয় দাও।